

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড,
২য় তলা সরকারী ভবন, ৮ম তলা
সেগুন বাগিচা, ঢাকা।

নম্বর-৬-৩৬/৮৭(অংশ)৪৭৩(১২৮)

তারিখঃ ১১/৪/৮৭ ইং

২৭শে চৈত্র, ১৩৯৩ বাং।

প্রাপক : জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

বিষয় : দেওয়ানী আদালতের রায় মোতাবেক খাসজমি সংক্রান্ত নামজারী কার্যক্রম প্রসংগে।

নামজারী কার্যক্রম সংক্রান্ত আপীল/রিভিশন মামলা নিষ্পত্তি প্রসংগে ভূমি প্রশাসন বোর্ড গভীর উদ্বেগের সংগে লক্ষ্য করিয়াছেন যে, কালেক্টরের ১নং খাস খতিয়ানভুক্ত জমি, জলা ইত্যাদি সাবেক জমিদার প্রদত্ত হাত-চিটা, দলিল ইত্যাদির ভিত্তিতে বেআইনী দখলদারগণ দেওয়ানী আদালতে স্বত্ব ঘোষণার মামলা দায়ের করিয়া প্রায় ক্ষেত্রে একতরফা ডিক্রী লাভ করিতেছে এবং ঐ ডিক্রীর ভিত্তিতে উপজেলা রাজস্ব অফিসে নামজারীর আবেদন করিয়া রেকর্ড-অব-রাইট সংশোধন করিয়া লইতেছে। নামজারীর আবেদন বিবেচনাকালে অনেক ক্ষেত্রে দেখা যায় যে মূল দেওয়ানী মামলায় কালেক্টরকে পক্ষভুক্ত করা হয় নাই বা পক্ষভুক্ত করা হইলেও সমনাদি যথারীতি জারী না করা জনিত ও অন্যান্য কারণে তদবীরের অভাবে মামলায় একতরফা ডিক্রী হইয়া গিয়াছে।

২। ডিক্রীর পরেও নির্দিষ্ট সময়মীমার মধ্যে সরকার পক্ষে আপীল দায়ের না করায়, সরকারের দাবী তামাদি হইয়া গিয়াছে। যেহেতু বেআইনী দখলদারের অনুকূলে প্রদত্ত ডিক্রী রদ বা পরিবর্তন করার কোন ব্যবস্থা লওয়া হয় নাই সেহেতু সরকারের খাসজমিতে একতরফা ডিক্রীমূলে অন্যের স্বত্ব-দখল প্রতিষ্ঠিত হইতেছে। এইভাবে সরকারের খাসজমি/জলামহালসহ সাধারণতমহাল ইত্যাদি বেহাত হইয়া যাইতেছে।

৩। বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করিয়া সরকারী খাস সম্পত্তি বেআইনী দখলদার কর্তৃক বেআইনীভাবে আত্মসাত করার প্রয়াস বন্ধ করার উদ্দেশ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হইলঃ

ক) দেওয়ানী আদালতের ডিক্রী (একতরফা বা কনটেস্টেড) মূলে কোন স্থাবর সম্পত্তির নামজারীর/রেকর্ড-অব-রাইট পরিবর্তনের আবেদন পাওয়ার পর উপজেলা রাজস্ব অফিসার ১নং খাস খতিয়ান রেজিস্টার নিরীক্ষা/পর্যালোচনা করিয়া এই সম্পত্তি মূলে খাসজমি ছিল কিনা যাচাই করিয়া তাঁহার সুস্পষ্ট মতামত লিপিবদ্ধ করিবেন।

খ) সংশ্লিষ্ট সম্পত্তি খাস খতিয়ানভুক্ত সরকারী জমি বা সাধারণতমহাল হইয়া থাকিলে তৎক্ষণাৎ উপজেলা রাজস্ব অফিসার ঐ মামলায় সরকারকে পক্ষ করা হইয়াছে কিনা বা করা হইয়া থাকিলেও একতরফা ডিক্রী হইয়াছিল কিনা তাহা অনুসন্ধান করিবেন এবং উচ্চতর আদালতে আপীল দায়ের করা বা রেকর্ড-অব-রাইট সংশোধন বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্পর্কে সুস্পষ্ট নির্দেশ চাহিয়া অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর নিকট নথি প্রেরণ করিবেন।

